শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অডিট শাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪২.১৬.০০৩.২১.১১৯

তারিখ: ২৫ মাঘ ১৪২৭
০৮ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: **নওগাঁ জেলার সাপাহার উপজেলাধীন জয়দেবপুর ইসলামিয়া দাখিল মাদ্রাসা-এর DIA-এর পরিদর্শন প্রতিবেদনের আলোকে BSR যথাযথভাবে প্রণীত না হওয়ায় প্রমাণকসহ BSR পুনরায় টিএমইডিতে প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: (১) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নম্বর – ৫৭.২৫,০০০০.০১০.৪৪.০০৩.২০.০৫, তারিখ: ০৪/০১/২১ খ্রি:।
(২) ডিআইএ/নওগাঁ/১৩২৭-এম/রাজ:২০৪৭, তারিখ: ০৯/০৪/২০১৮ খ্রি:।

উপর্যুক্ত সূত্রের প্রেক্ষিতে নওগাঁ জেলার সাপাহার উপজেলাধীন জয়দেবপুর ইসলামিয়া দাখিল মাদ্রাসা-এর DIA এর পরিদর্শন প্রতিবেদনের BSR টিএমইডিতে পাওয়া গেছে।

প্রাপ্ত BSR টি পর্যালোচনায় নিম্নবর্ণিত ত্রুটি পরিলক্ষিত হয়।

| পরিদর্শন প্রতিবেদনের ক্রমিক নং | ডিআইএ এর আপত্তি | ডিআইএ এর আপত্তির আলোকে ডিএমই এর মতামত | ডিজি ডিএমই এর মতামতের প্রেক্ষিতে টিএমইডি এর মন্তব্য | পরবর্তী করণীয় বিষয়ে টিএমইডির নির্দেশনা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |

| | | | | |
|---|---|---|---|---|
| (চ) | স্টক টেকিং সংক্রান্ত তথ্য: বছর শেষে স্টক টেকিং করা হয় না। স্টক টেকিং কমিটির প্রতিবেদন মোতাবেক প্রতিষ্ঠানের যাবতীয় অস্থাবর সম্পত্তির স্টক টেকিং এর ব্যবস্থা করতে হবে। | জবাব গ্রহণযোগ্য বিধায় আপত্তি নিস্পত্তি করা যেতে পারে। | বর্তমানে স্টক টেকিং করা হয় কিনা এবং প্রতিষ্ঠানের অস্থাবর সম্পত্তির ব্যবস্থাপনা করা হয় কিনা তা ডিজি, ডিএমই এর মতামতে উল্লেখ নেই। | পরিদর্শন প্রতিবেদন বাস্তবায়নপূর্বক প্রমানকসহ পুণরায় বিএসআর আগামী ২৮/০২/২০২০ তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। |
| (ছ) | রেজিস্ট্রার: রেজিস্ট্রারসমূহ চালু করতে হবে এবং তা যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। | জবাব গ্রহণযোগ্য বিধায় আপত্তি নিস্পত্তি করা যেতে পারে। | বর্তমানে রেজিস্ট্রারসমূহ চালু করা হয়েছে কিনা, তা ডিজি, ডিএমই এর মতামতে উল্লেখ নেই। | ঐ |
| ২(ক) | প্রতিষ্ঠানটির সমুদয় জমি খারিজ করতে হবে এবং জমির ভূমি উন্নয়ন কর হালসন নাগাদ পরিশোধ করে দাখিলা সংরক্ষণ করতে হবে। | প্রতিষ্ঠানটির সমুদয় জমি খারিজ করতে হবে এবংজমির ভূমি উন্নয়ন কর হালসন নাগাদ পরিশোধ করে দাখিলা সংরক্ষণ করার শর্তে আপত্তি নিস্পত্তি করা যেতে পারে। | বর্তমানে প্রতিষ্ঠানটির সমুদয় জমি খারিজ করা হয়েছে কিনা এবং জমির ভূমি উন্নয়ন কর হালসন নাগাদ পরিশোধ করে দাখিলা সংরক্ষণ করা হয়েছে কিনা, তা ডিজি, ডিএমই এর মতামতে উল্লেখ নেই। | ঐ |
| ৩(খ) | প্রতি শিক্ষাবর্ষের প্রথমে প্রণীত বার্ষিক পাঠ পরিকল্পনা তৈরী করে প্রত্যেক শিক্ষার্থীকে সরবরাহ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে পাঠ পরিকল্পনা সমাপ্ত করতে হবে। | একাডেমিক সুপারভিশন সংক্রান্ত সকল শিক্ষামূলক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন পরিচালনা করার শর্তে আপত্তি নিস্পত্তিযোগ্য। | বর্তমানে পাঠ পরিকল্পনা তৈরী করা হয়েছে কিনা তা ডিজি ডিএমই এর মতামতে উল্লেখ নেই। | ঐ |

Scanned with CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ৪(ক) | নিয়মিতভাবে আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে প্রতিষ্ঠান প্রধানকে ক্যাশ বহিতে স্বাক্ষর করতে হবে। ২) কর্মরত শিক্ষকদের সমন্বয়ে ক্রয় কমিটি গঠন করতে হবে। ক্রয় কমিটির মাধ্যমে প্রতিষ্ঠানের সকল মালামাল ক্রয় করতে হবে এবং মজুদ রেজিষ্ট্রারে তাহা যথাসময়ে এন্ট্রি করতে হবে। পর্যায়ক্রমে সকল শিক্ষককে ক্রয় কমিটিতে অন্তর্ভুক্ত করতে হবে। ৩) প্রতিষ্ঠানের সকল আয় সাধারন তহবিলের ব্যাংক হিসেবে জমা করতে হবে। প্রয়োজনে ব্যাংক হতে উত্তোলন করে ব্যয় করতে হবে। ৪) অভ্যন্তরীন নিরীক্ষা প্রতি তিন মাস অন্তর করা হয় না। শিক্ষকদের সমন্বয়ে তিন সদস্য বিশিষ্ট অভ্যন্তরীন নিরীক্ষা কমিটি গঠন করে প্রতি তিন মাস অন্তর প্রতিষ্ঠানের সকল আয়-ব্যয় নিরীক্ষা করতে হবে। | প্রতিষ্ঠানের সকল আয়-ব্যয় হিসাব সুষ্ঠুভাবে সম্পাদন পরিচালনা করার শর্তে প্রযোজ্য ক্ষেত্রে রাজস্ব স্ট্যাম্প ব্যবহার করা, আয়কর কর্তন করা, ভ্যাট কর্তন করা, টেন্ডার করা এবং প্রতিষ্ঠানের আয় অনুযায়ী ব্যয় করার শর্তে আপত্তি নিস্পত্তি করা যেতে পারে। | বর্তমানে আয়-ব্যয় সংক্রান্ত আপত্তিটি সম্পাদন করা হয়েছে কিনা তা ডিজি ডিএমই এর মতামতে উল্লেখ নেই। | ঐ |
| ৪(গ)৩ | ভবিষ্য তহবিল চালু নেই। সকল শিক্ষক-কর্মচারীদের নামে ভবিষ্যৎ তহবিল চালু করতে হবে। | ভবিষ্য তহবিল চালু করার শর্তে আপত্তি নিস্পত্তিযোগ্য। | বর্তমানে ভবিষ্য তহবিল চালু করা হয়েছে কিনা তা ডিজি ডিএমই এর মতামতে উল্লেখ নেই। | ঐ |
| ৫(ক) | ভবিষ্যতে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে ২০% মহিলা কোটা পূরণ করতে হবে। | ২০% মহিলা কোটা পূরণের শর্তে আপত্তি নিস্পত্তি করা যেতে পারে। | বর্তমানে ২০% মহিলা কোটা পূরণ করা হয়েছে কিনা, তা ডিজি, ডিএমই এর মতামতে উল্লেখ নেই। | ঐ |

২। ডিআইএ এর পরিদর্শন প্রতিবেদনের প্রতিটি নির্দেশনা বাস্তবায়নক্রমে বিএসআর প্রণয়নপূর্বক টিএমইডিতে প্রেরন এবং সে সাথে পরিদর্শন প্রতিবেদনের নির্দেশনার আলোকে প্রতিটি বিএসআর তৈরিক্রমে টিএমইডিতে প্রেরন করাও আবশ্যক।

৩। এমতাবস্থায়, উপরিউক্ত মতে ডিআইএর পরিদর্শন প্রতিবেদনের আপত্তির আলোকে ছকে বর্ণিত আপত্তিগুলো বাস্তবায়নক্রমে সে অনুযায়ী নিষ্পত্তির প্রস্তাব তৈরিপূর্বক আগামী ১৮/০১/২০১১ খ্রি. তারিখের মধ্যে প্রমাণকসহ

Scanned with CamScanner

টিএমইডিতে প্রেরণের জন্য ডিজি, ডিএমইকে নির্দেশনা দেয়া যায় এবং সে সাথে ভবিষ্যতে বিএসআর প্রেরণের সময় অধিকতর সতর্কতা অবলম্বনেও মহোদয়কে অনুরোধ করা যেতে পারে।

৮-২-২০২১
নূরজাহান বেগম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৫২৭২

মহাপরিচালক মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ গার্লস গাইড এসোসিয়েশন গাইড হাউজ, ৭ম ও ১০ম তলা নিউ বেইলী রোর্ড, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪২.১৬.০০৩.২১.১১৯/১(৯)

তারিখ: ২৫ মাঘ ১৪২৭
০৮ ফেব্রুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব মহোদয় , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

২) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৩) সিস্টেম এনালিষ্ট, আইসিটি অধিশাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।

৪) জনসংযোগ কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৫) সভাপতি, জয়দেবপুর ইসলামিয়া দাখিল মাদ্রাসা, সাপাহার, নওগাঁ ((উপরিউক্ত নির্দেশনা বাস্তবায়নে সুপারকে সার্বিক সহযোগীতা প্রদানের জন্য ব্যবস্থাপনা কমিটির সভাপতিকে এবং অন্যান্য সদস্যগণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।

৬) অধ্যক্ষ, জয়দেবপুর ইসলামিয়া দাখিল মাদ্রাসা, সাপাহার , নওগাঁ।

৭) অতিরিক্ত সচিব (অডিট ও আইন)মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৮) উপসচিব (অডিট ও আইন)মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (উপসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৯) অফিস কপি/মাস্টার, কপি।

৮-২-২০২১
নূরজাহান বেগম
সিনিয়র সহকারী সচিব

Scanned with CamScanner